

নীতি সংক্ষিপ্তসার

নীতি সংক্ষিপ্তসার কি ?

ষ্ট্রিমের নীতি সংক্ষিপ্তসার হল গবেষণা বা স্থানীয় অনুশীলন থেকে প্রাপ্ত শিক্ষা গুলিকে আদানপ্রদানের একটি প্রচেষ্টা। ইহা সংক্ষিপ্ত ও নীতির বিষয় সমৃদ্ধ।

ইহা এমনভাবে রূপায়ন করা হয়েছে যা দ্রুতপাঠ্য, দরকারী বিষয়গুলি গুরুত্বপ্রদত্ত, এবং বিষয় সমন্বিত পরবর্তী তথ্যের সূত্রের দিকে পরিচালিত, ইহা লোকেদের, সংস্থা এবং নীতি নির্ধারকদের, গরীব লোকেদের জীবিকার উপযোগী জলীয় সম্পদ পরিচালনায় নতুন সাধন এবং পদ্ধতির ব্যবহারে সক্ষম করে।

ইহা কাদের জন্য ?

নীতি সংক্ষিপ্তসার তৈরী হয়েছে নিম্নলিখিতদের ব্যবহারের জন্য :

নীতি নির্ধারক

নীতি রূপায়নকারী

গোষ্ঠী সংগঠক

বেসরকারী সংস্থা

সরকারী সংস্থা

দাতা

এছাড়া যারা এটিকে উপযোগী বলে মনে করে।

কারা এটি তৈরী করে?

নীতি সংক্ষিপ্তসার সেইসকল লোকেদের তৈরী করতে পারে যাদের কাছে আদান প্রদানের জন্য উপযোগী অভিজ্ঞতা আছে (কৃষক, মৎসকৃষক, যারা তাদের সাথে কাজ করে, বিশেষজ্ঞ)। ষ্ট্রিম ইনিশিয়েটিভ এই কাজকে ত্বরান্বিত করছে: অন্যদের সাথে কাজ করে, পরিকল্পনা তৈরী করে, বিভিন্ন ভাষায় অনুবাদ করে এবং সবার সাথে তা আদান প্রদান করে।

নীতি সংক্ষিপ্তসার প্রতিবেদন সংখ্যাগুলি নেটওয়ার্ক অফ একুয়াকালচার সেন্টারস ইন এশিয়া প্যাশিফিকের (নাকা) সাপোর্ট টু রিজিওনাল একুয়াকালচার রিসোর্সেস ম্যানেজমেন্ট (স্ট্রীম) ইনিশিয়েটিভ দ্বারা তৈরি।

ইহা কোথা থেকে পাওয়া যাবে?

নীতি সংক্ষিপ্তসারগুলি এশিয়া প্যাশিফিকের ষ্ট্রিমের যোগাযোগ কেন্দ্রগুলি থেকে স্থানীয় ভাষায় পাওয়া যাবে, এছাড়া, আঞ্চলিক দপ্তর ব্যাঙ্ক, থাইল্যান্ড থেকে ও ইন্টারনেট থেকে পাওয়া যাবে

< <http://www.streaminitiative.org/Library/PolicyBrief/index.html> >

কি কি নীতি সংক্ষিপ্তসার পাওয়া যাচ্ছে?

নীতি সংক্ষিপ্তসার সংখ্যা ১, ঐক্যমত গঠনে, বর্ণনা করা হয়েছে কৃষক, মৎসকৃষক, স্থানীয়, জেলা, রাজ্য, কেন্দ্রীয় সরকার এবং বেসরকারী অংশীদারদের অভিজ্ঞতা যা ইউ কে গভর্নমেন্ট ডি এফ আই ডি ন্যাচারাল রিসোর্সেস সিস্টেম প্রোগ্রাম প্রজেক্ট 'আর' ৮১০০ 'জলীয় কৃষির দ্বারা গরীব লোকেদের সেবার সুযোগের জন্য উন্নত নীতির সন্ধান' (সময়সীমা ছিল মার্চ ২০০২ থেকে এপ্রিল ২০০৩) থেকে প্রাপ্ত, যার উদ্দেশ্য ছিল গ্রামীণ জীবিকার উন্নতির লক্ষ্যে উন্নত গ্রামীণ সেবা প্রদানের উদ্দেশ্যে পদ্ধতির চিহ্নিতকরণ, পরীক্ষামূলক ব্যবহার এবং ব্যবহারে উৎসাহদান, যেখানে জলীয় কৃষির সাহায্যকারী সেবার সেবার উপরে বেশী গুরুত্ব দেওয়া হয়েছিল।

নীতি সংক্ষিপ্তসার সংখ্যা ২, জলীয় কৃষি এবং মাছচাষে জীবিকা নির্বাহনের পথে, বর্ণনা করা হয়েছে 'এ এফ ও' টেকনিকাল কোঅপারেশন প্রজেক্ট 'এশিয়া প্যাশিফিকে উন্নত জলীয় সম্পদের পরিচালনার দ্বারা দারিদ্রতা দূরীকরণে সাহায্যকরণ' প্রকল্পে জীবিকা নির্বাহন বিশ্লেষণ এবং জীবিকা নির্বাহনের বিষয়ে বোঝাপড়ার আদান প্রদানের অভিজ্ঞতা।